

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০১.২৩- ২০৬২


তারিখঃ ২২ জুন, ২০২৪

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। তিনটি উল্লেখযোগ্য শুমারির মধ্যে বর্তমানে অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্প চলমান রয়েছে। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দুটি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এর ধারাবাহিকতায় ২০২৪ সালের নভেম্বর-ডিসেম্বর মাসে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারের রূপকল্প ২০৪১, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্টসহ পরবর্তী নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

০২। অর্থনৈতিক শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে ১ম জোনাল অপারেশন পরিচালিত হচ্ছে। এ কার্যক্রমের অংশ হিসেবে ২৩ জুন ২০২৪ হতে ১২ জুলাই ২০২৪ পর্যন্ত তথা ২০ দিনব্যাপী দেশের সকল অর্থনৈতিক ইউনিটের (সকল অর্থনৈতিক প্রতিষ্ঠান ও খানা) তালিকা প্রণয়ন করা হবে। অর্থনৈতিক শুমারির এ তালিকাকরণ কার্যক্রমে ইউনিটসমূহের নাম, ঠিকানা, কার্যক্রমের ধরন এবং জনবলসহ গুরুত্বপূর্ণ কিছু তথ্য সংগ্রহ করা হবে।

০৩। বর্ণিতব্যস্বায়, জাতীয় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।


মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
☎: ০২-৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

.....
.....
.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস।
- ২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বিভাগ।
- ৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, জেলা।
- ৫। জেলা শুমারি সমন্বয়কারী, শুমারি জেলা।
- ৬। অফিস কপি।